আগরতলার জন্য নবরত্ন

উন্নত নগর, উন্নত সমাজ

নাগরিক পরিকাঠামো

- **খানা-খন্দহীন আগরতলা**
  শহরে যাতায়াত ব্যবস্থা সহজ করা ও সড়ক নিরাপত্তা নিশ্চিত করার জন্য বর্তমান সড়কগুলির যোগাযোগ ব্যবস্থা ও ফুটপাথগুলির মানোন্নয়ন এবং নিয়মিত রক্ষণাবেক্ষণ
- **সকলের জন্য ফ্রি ওয়াই-ফাই**
  শহরজুড়ে ৪টি প্রধান জায়গায় জনসাধারণের জন্য বিনামূল্যে হাই-স্পিড ওয়াই-ফাইয়ের সুবিধা
- **পরিষ্কার এবং সহজলভ্য বায়ো-টয়লেট**
  প্রতিটি ওয়ার্ডে পরিচ্ছন্নতা এবং মহিলাদের সুরক্ষাকে অগ্রাধিকার দিয়ে ২টি স্মার্ট বায়ো-টয়লেট নির্মাণ
- **বাজার এবং পার্কের রক্ষণাবেক্ষণ**
  অগ্নি-নির্বাপক ব্যবস্থা, ভূ-গর্ভস্থ কেবলিং, সুলভ শৌচালয়, পানীয় জলের সুবিধা, এটিএমের সুবিধা এবং সোলার প্যানেলের সুবিধা সহ আগরতলায় ৯টি পুর বাজার এবং পার্কের মানোন্নয়ন করা
- **যথাযোগ্য মর্যাদায় শেষকৃত্য**
  ৪টি বৈদ্যুতিক চুল্লি এবং একটি এসি প্রতীক্ষালয় সহ বটতলা শ্মশান ঘাটের মানোন্নয়ন করা হবে, যার জন্য ₹১০ কোটি বিনিয়োগ করা হবে

নিশ্চিত সুরক্ষা, নিশ্চিন্ত আমরা

নাগরিক সুরক্ষা

- **আলোকোজ্জ্বল আগরতলা**
  প্রতি ৩০০ মিটার অন্তর রাস্তায় আলো লাগানো এবং শহরের ৩০টি প্রধান চৌমুহানিতে উচ্চ বাতিস্তম্ভ স্থাপন
- **শহরজুড়ে ১০০% সিসিটিভি ক্যামেরা**
  নিরাপত্তা বাড়াতে শহর জুড়ে ৩টি পর্যায়ে ৭০০টি অতিরিক্ত সিসিটিভি ক্যামেরা স্থাপন
- **দিবারাত্রি নাগরিক সুরক্ষায় টহলদারি ভ্যান**
  এলাকাবাসীর যে কোনও নাগরিক সমস্যার সমাধানে গোটা শহরে টহল দেওয়ার জন্য ৫টি ডেডিকেটেড টহলদারি ভ্যান সর্বদা তৈরি থাকবে
- **নারীদের জন্য সুরক্ষিত পরিবহণ ব্যবস্থা**
  ২৫০টি 'পিঙ্ক অটো/ট্যাক্সি' চালু করা হবে, যা কেবলমাত্র মহিলাদের দ্বারা চালিত এবং তাঁদেরই যাতায়াতের সুবিধার্থে ব্যবহৃত হবে। এই ধরনের অটো/ট্যাক্সি কেনার জন্য আগরতলা পুরনিগম মোট অর্থের ৫০% অর্থ ব্যয় করবে। জনসাধারণের চাহিদার ভিত্তিতে পর্যায়ক্রমে আরও অটো/ট্যাক্সি যুক্ত করা হবে

পরিচ্ছন্ন আগরতলা, নির্মল ত্রিপুরা

আবর্জনার ব্যবস্থাপনা

- **নিকাশি ব্যবস্থার সংস্কারসাধন**
  বর্তমানে ঢালাই করা প্রত্যেকটি লোহার নিকাশি পাইপকে, পিভিসি পাইপ দিয়ে প্রতিস্থাপনের মাধ্যমে এবং আগরতলাকে ম্যানুয়ালভাবে পরিষ্কার করা থেকে মুক্ত করার জন্য ৩০টি নর্দমায় জেটিং মেশিন স্থাপনের মাধ্যমে নিকাশি ব্যবস্থার পরিকাঠামোর মানোন্নয়ন
- **বর্জ্য সংগ্রহ ও তার ব্যবস্থাপনার আধুনিকীকরণ**
  বৈজ্ঞানিক পদ্ধতিতে বর্জ্য পৃথকীকরণ এবং উন্মুক্ত ভ্যাটগুলির সংস্কার সহ দেবেন্দ্র চন্দ্র নগর সলিড ওয়েস্ট প্রসেসিং প্ল্যান্টের সংস্কার

জন অভিযোগ নিষ্পত্তি

প্রশাসনিক সংস্কার

- **নাগরিক সুবিধা কেন্দ্র**
  প্রতি পাঁচটি ওয়ার্ডে একটি নাগরিক সুবিধা কেন্দ্র প্রতিষ্ঠিত হবে, অত্যাধুনিক প্রযুক্তি সেখানে থাকবে, এরফলে বাসিন্দারা অংশগ্রহণে আরও বেশি উৎসাহিত হবে এবং নাগরিক ও পৌরসভার সমস্যাগুলির দ্রুত নিষ্পত্তি হবে
- **'হ্যালো মেয়র' আউটরিচ প্রোগ্রাম**
  'হ্যালো মেয়র' প্রোগ্রামের অধীনে একটি টোল ফ্রি নম্বর 95370 95370 চালু করা হবে, যেখানে যে কেউ তাদের পরামর্শ ও অভিযোগ জানানোর জন্য দিবারাত্রি কল করতে পারে। এরফলে তাদের সমস্যাগুলির দ্রুত সমাধান সম্ভব হবে।

সহজলভ্য স্বাস্থ্য পরিষেবা

সুস্বাস্থ্যের আশ্বাস

- **নগর স্বাস্থ্যকেন্দ্রের মানোন্নয়ন**
  দিবারাত্রি কমপক্ষে একজন স্বাস্থ্য আধিকারিকের নগর স্বাস্থ্যকেন্দ্রে উপস্থিতি এবং প্রতি ৫টি ওয়ার্ডের জন্য একটি ডেডিকেটেড অ্যাম্বুলেন্স

- **ডেঙ্গু ও ম্যালেরিয়াবিহীন আগরতলা**
  ১০০% আচ্ছাদিত নর্দমা এবং এর মাধ্যমে ডেঙ্গু, ম্যালেরিয়ামুক্ত আগরতলা নিশ্চিত করা। ডেঙ্গু ও ম্যালেরিয়ার পরিপন্থী ঔষধযুক্ত স্প্রে নিয়মিত করা হবে

আঞ্চলিক করের ওপর ছাড়

করের বোঝা, হবে না সাজা

- **বাসিন্দাদের জন্য কর ছাড়**
  জলের ওপর থেকে সব কর বাতিল করা হবে। যে সকল পরিবারের সম্মিলিত আয় বার্ষিক ₹১০ লক্ষের কম, তাদের জন্য সম্পত্তি কর ২০% কমানো হবে

জল সরবরাহ

সকলের ঘরে পরিশ্রুত জল

- **পরিশ্রুত এবং অবিচ্ছিন্ন পানীয় জলের পরিষেবা**
  উন্নত কলের জলের সুবিধা এবং বর্তমান ভূ-গর্ভস্থ জল শোধনাগারে দু'টি ডেডিকেটেড আয়রন ফিল্টারিং ইউনিটের ব্যবস্থা

- **ওয়াটার এটিএমের সুবিধা**
  সমস্ত নাগরিকদের বিনামূল্যে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করতে আগরতলার প্রতিটি ওয়ার্ডে একটি করে ওয়াটার এটিএম স্থাপন

সামাজিক উন্নয়ন

সামাজিক উন্নয়নে এগোবে আগরতলা

- **হকারদের কল্যাণে**
  শহরের হকারদের স্বীকৃতি শংসাপত্রের সুবিধা সহ প্রতিটি ওয়ার্ডের একটি নির্দিষ্ট এলাকায় স্টল এবং গাড়ি বরাদ্দ করা। বৈধ স্বীকৃতি শংসাপত্র নিয়ে কাজ করা প্রতিটি হকারকে পৌরসভার দ্বারা পুনর্বাসনের নিশ্চয়তা দেওয়া

- **দরিদ্র পল্লীগুলির সামাজিক উন্নয়ন**
  একটি সম্মানজনক জীবনযাপনের জন্য আগরতলা পুরনিগমের অধীনে সমস্ত দরিদ্র পল্লীগুলিতে সুলভ শৌচালয়, বিশুদ্ধ পানীয় জল এবং সৌর আলোর মতো মৌলিক নাগরিক সুবিধার ব্যবস্থা নিশ্চিত করা হবে

সামাজিক নিরাপত্তা

পুর-কল্যাণে আমরা সকলে

- **পুরনিগম কর্মীদের কল্যাণে**
  ভালো কাজের পরিবেশ, উন্নত পারিতোষিকের সুবিধা এবং সমস্ত পৌর কর্মীদের জন্য নিশ্চিত সামাজিক নিরাপত্তা। পৌরসভার চাকরি শুধুমাত্র আগরতলায় বসবাসকারী ব্যক্তিদের জন্য উন্মুক্ত থাকবে

ত্রিপুরার জন্য তৃণমূল